রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ২, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সংস্থাপন মন্ত্রণালয়**

**বিধি শাখা-৫**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৯ চৈত্র ১৪১৩/ ২ এপ্রিল ২০০৭

এস, আর, ও, নং ৩৪-আইন/২০০৭/সম/বিধি-৫/জুসাগ(সং)-৯/২০০৭।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (কর্মস্থল নির্ধারণ, পদোন্নতি, ছুটি, মঞ্জুরী, নিয়ন্ত্রণ, শৃঙ্খলা বিধান এবং চাকুরীর অন্যান্য শর্তাবলী) বিধিমালা, ২০০৭ এর নিম্নরূপ সংশোধন করিলেন, যথা ঃ—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি ২ এর দফা (ক) এর প্রথম লাইনে "এবং" শব্দটির পরিবর্তে "বা" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(খ) বিধি ৩ এর—

(১) উপ-বিধি (১) এ "১১৬ ও ১১৬ক অনুচ্ছেদের এবং সুপ্রীম কোর্টের আপীল বিভাগের ৭৯/১৯৯৯ সিভিল আপীলে প্রদত্ত রায়ের সহিত সংগতি রাখিয়া" শব্দগুলির পরিবর্তে "১১৬ অনুচ্ছেদ অনুসারে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(২) উপ-বিধি (২) এর দ্বিতীয় লাইনে "করিবেন" শব্দটির পরিবর্তে "করিতে পারিবে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(গ) বিধি ৪ এর—

(১) উপ-বিধি (৩) এ সেমিকোলন ";" পরিবর্তে দাড়ি "।" প্রতিস্থাপিত হইবে;



মূল্য ঃ টাকা ২.০০

(২) উপ-বিধি (৪) এ "উপযুক্ত" শব্দটির পরিবর্তে "নিয়োগকারী" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(ঘ) বিধি ৭ এর—

(১) উপ-বিধি (১) এর ৫ম ও ৭ম লাইনে "প্রেষণে" শব্দের পর উভয় লাইনে "বা অন্যবিধভাবে" শব্দগুলি সন্নিবেশিত হইবে, এবং উভয় লাইনে "/বদলী" চিহ্ন ও শব্দ বিলুপ্ত হইবে, এবং ৬ষ্ঠ লাইনে "সচিবালয়ে" শব্দের পর "অন্য কোন কর্তৃপক্ষের অফিসে" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(২) উপ-বিধি (৪) এর ১ম লাইনে "এই বিধির অধীনে প্রেষণে নিযুক্ত থাকার কারণে" শব্দগুলির পরিবর্তে "সুপ্রীম কোর্টের অনুমোদন বা সম্মতি গ্রহণক্রমে কোন কর্মকর্তা প্রেষণে নিযুক্ত থাকিলে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং ২য় লাইনে "জ্যেষ্ঠতা" শব্দের পর "বা পদোন্নতির সুযোগ" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(ঙ) বিধি ৮ এর উপ-বিধি (১) এর দফা (গ) এ "জেলা" শব্দের পর "ও" অক্ষরটি সন্নিবেশিত হইবে;

(চ) বিধি ৯ এর উপ-বিধি (১) এর ৩য় লাইনে "প্রথম শ্রেণীর" শব্দগুলির পর "গেজেটেড কর্মকর্তা গণ্য হইবেন এবং উক্ত" শব্দগুলি এবং "বিধি-বিধান" শব্দের পর "ও সুবিধাদি" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(ছ) বিধি ১০ এর উপ-বিধি (১) এ "বিধিমালার" শব্দটির "র" অক্ষর কর্তনক্রমে তথায় ", ২০০৭ এর" চিহ্ন, সন ও শব্দ হইবে এবং "কর্মকর্তাগণের" শব্দটির পর "ব্যাপারে" শব্দটি সন্নিবেশিত হইবে;

(জ) তফসিলের প্রথম অংশে—

(১) ১ নং ক্রমিকের বিপরীতে ৩ নং কলামে "অতিরিক্ত জেলা ও দায়রা জজদের" শব্দগুলির পর "/সমপর্যায়ের বিচারকদের" চিহ্ন ও শব্দগুলি সন্নিবেশিত হইবে এবং ৪ নং কলামে "অতিরিক্ত জেলা ও দায়রা জজ" শব্দগুলির পর "/সমপর্যায়ের বিচারক" চিহ্ন ও শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(২) ২ নং ক্রমিকের বিপরীতে ২ নং কলামে "অতিরিক্ত জেলা ও দায়রা জজ" শব্দগুলির পর "/সমপর্যায়ের বিচারক", ৩ নং কলামে "যুগ্ম জেলা ও দায়রা জজদের" শব্দগুলির পর "/সমপর্যায়ের বিচারকদের" চিহ্ন ও শব্দগুলি সন্নিবেশিত হইবে এবং ৪ নং কলামে "যুগ্মজেলা ও দায়রা জজ" শব্দগুলির পর "/সমপর্যায়ের বিচারক" চিহ্ন ও শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(৩) ৩নং ক্রমিকের বিপরীতে ২ নং কলামে "যুগ্ম জেলা ও দায়রা জজ" শব্দগুলির পর "/সমপর্যায়ের বিচারক", ৩ নং কলামে "সিনিয়র সহকারী জজদের" শব্দগুলির পর "/সমপর্যায়ের বিচারকদের" চিহ্ন ও শব্দগুলি সন্নিবেশিত হইবে এবং ৪ নং কলামে "সিনিয়র সহকারী জজ" শব্দগুলির পর "/সমপর্যায়ের বিচারক" চিহ্ন ও শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(৪) ৪ নং ক্রমিকের বিপরীতে ২ নং কলামে "সিনিয়র সহকারী জজ" শব্দগুলির পর "/সমপর্যায়ের বিচারক" চিহ্ন ও শব্দগুলি সন্নিবেশিত হইবে, ৩ নং কলামে "সহকারী জজদের" শব্দগুলির পর "/সমপর্যায়ের বিচারকদের" চিহ্ন এবং শব্দগুলি সন্নিবেশিত হইবে এবং ৪ নং কলামে "সহকারী জজ" শব্দগুলির পর "/সমপর্যায়ের বিচারক" চিহ্ন এবং শব্দগুলি সন্নিবেশিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুস সালাম খান**
সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।